অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রঙ্কসে 49 মিলিয়ন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের নির্মাণ কাজ শুরু করার ঘোষণা করেছেন

দ্য প্লেইন্স ওয়েকফিল্ডে 98টি শক্তি দক্ষ সাশ্রয়ী গৃহ প্রদান করবে

উন্নয়নটি ওন-সাইট সহায়ক পরিষেবা প্রদান করবে ডো ফান্ড থেকে 49 জন প্রাপ্তবয়স্কের জন্য যারা গৃহহীন অবস্থায় আছেন

গভর্নরের 25 বিলিয়ন ডলারের পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনার অংশ

রেন্ডারিং এখানে পাওয়া যাবে

গভর্নর ক্যাথি হোকল আজ উত্তর ব্রঙ্কসের ওয়েকফিল্ড অংশে 49 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী এবং সহায়ক আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ শুরু করা হয়েছে বলে ঘোষণা করেছেন। দ্য প্লেইন্স 98টি সাশ্রয়ী মূল্যের সহায়ক পরিষেবা সহ গৃহ প্রদান করবে, যার মধ্যে 49টি ইউনিট গৃহহীন অবস্থায় থাকা এবং HIV/AIDS এর সাথে বসবাসকারী প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত, এবং 62 বছর বা তার বেশি বয়সী বয়স্কদের জন্য বরাদ্দ রাখা আছে আরও 20টি অ্যাপার্টমেন্ট।

"নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ, সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি এবং সংরক্ষণের ক্ষেত্রে ধারাবাহিকভাবে বিনিয়োগ করা আমার প্রশাসনের মূল ভিত্তি," **গভর্নর হোকল বলেন।** "এই নতুন উন্নয়ন ব্রঙ্কস জুড়ে মানসম্পন্ন গৃহের সরবরাহ বাড়ানো এবং আমাদের সব চেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের সক্রিয়, নিযুক্ত এবং আরো স্বাস্থ্যকর, আরো স্বাধীন জীবনযাপন করার জন্য আমাদের অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে।"

আবাসনকে আরও সাশ্রয়ী, ন্যায়সঙ্গত এবং স্থিতিশীল করার জন্য দ্য প্লেইন্স গভর্নর হোকলের বিস্তৃত পরিকল্পনার অংশ। সম্প্রতি প্রণীত রাজ্য বাজেটে, গভর্নর একটি নতুন 25 বিলিয়ন ডলারের, পাঁচ বছরের, ব্যাপক আবাসন পরিকল্পনা প্রবর্তন এবং সফলভাবে নিশ্চিত করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের গৃহ তৈরি বা সংরক্ষণ করে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে দুর্বল জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবা সহ 10,000টি আবাসন এবং আরো 50,000টি গৃহে বিদ্যুতায়ন করবে।

4519 হোয়াইট প্লেইনস রোডে 98টি অ্যাপার্টমেন্ট সহ দ্য প্লেইন্স একটি একক নয়তলা ভবন নিয়ে গঠিত হবে। এলাকার মধ্যম আয়ের 80 শতাংশ বা তার নিচে উপার্জন করা পরিবারগুলির জন্য সাশ্রয়ী মূল্যের হবে সবগুলি অ্যাপার্টমেন্ট।

গৃহহীনতার সম্মুখীন প্রাপ্তবয়স্কদের জন্য ঊনপঞ্চাশটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে যারা এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভের (Empire State Supportive Housing Initiative) মাধ্যমে অর্থায়ন করা এবং এইডস ইনস্টিটিউট (The AIDS Institute) দ্বারা পরিচালিত অন-সাইট সহায়ক পরিষেবাগুলিতে অ্যাক্সেস পাবেন। ডো ফান্ড মানসিক স্বাস্থ্য এবং চিকিৎসা পরিচর্যার সমন্বয় সহ বাসিন্দাদের আবাসন এবং ক্লিনিকাল কেস ম্যানেজমেন্ট পরিষেবা প্রদান করবে।

প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority) মাল্টিফ্যামিলি নিউ কনস্ট্রাকশন প্রোগ্রাম টায়ার 2 এবং হোমস গোল্ড এনার্জি দক্ষতার মানগুলির জন্য LEED পূরণ করার জন্য ডিজাইন করা হয়েছে। ভবনটিতে একটি সবুজ ছাদ এবং সোলার ফটোভোলটাইক অ্যারে থাকবে। অতিরিক্ত শক্তি-দক্ষ বৈশিষ্ট্যগুলির মধ্যে থাকবে উচ্চ-দক্ষতা, বৈদ্যুতিক, ভেরিয়েবল-রেট-ফ্লো HVAC সিস্টেম; এনার্জি-স্টার, দ্বি-স্তর, মোশন সেন্সর সহ LED আলো; এনার্জি-স্টার যন্ত্রপাতি; এবং নিম্ন-প্রবাহের প্লাম্বিং ফিক্সচার।

আবাসিক সুবিধাগুলির মধ্যে ভাড়াটের স্টোরেজ, প্রোগ্রাম কর্মীদের জন্য অফিস এবং প্রোগ্রাম ও ভাড়াটে একইভাবে ব্যবহার করার জন্য একটি বহুমুখী কক্ষ, সেই সাথে 24/7 নিরাপত্তা এবং একজন লিভ-ইন সুপারিনটেনডেন্ট অন্তর্ভুক্ত থাকবে। বাসস্থানটিতে অন-সাইট লন্ড্রি ইউনিট, একটি ফিটনেস সেন্টার এবং ব্যক্তিগত বহিরঙ্গন বিনোদনের স্থানও থাকবে। দ্য প্লেইন্স সুবিধাজনকভাবে সাবওয়ে, বাস এবং কমিউটার রেল স্টেশনগুলির কাছে অবস্থিত। উন্নয়নটি দ্য ডো ফান্ড (The Doe Fund) এবং রবার্ট সানবর্ন ডেভেলপমেন্টের (Robert Sanborn Development) মধ্যে একটি যৌথ উদ্যোগ।

দ্য প্লেইন্সের জন্য রাজ্যের অর্থায়নের মধ্যে রয়েছে ফেডারেল নিম্ন-আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা 25 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করবে এবং নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল থেকে 9.7 মিলিয়ন ডলারের ভর্তুকি। নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance) গৃহহীন আবাসন সহায়তার কর্মসূচির মাধ্যমে 4.9 মিলিয়ন ডলার প্রদান করবে। NYSERDA 78,800 ডলারের সহায়তা প্রদান করবে।

দ্য ডো ফান্ড মার্চেন্টস ব্যাঙ্ক অফ ইন্ডিয়ানা (Merchant’s Bank of Indiana) এবং ফ্রেডি ম্যাকের (Freddie Mac) মাধ্যমে বেসরকারি খাতের নির্মাণ এবং স্থায়ী ঋণ প্রাপ্ত করে, এবং ট্যাক্স-ক্রেডিট ইক্যুইটি রিচম্যান হাউজিং (Richman Housing) দ্বারা সিন্ডিকেট করা হয়। কর্পোরেশন ফর সাপোর্টিভ হাউজিং (The Corporation for Supportive Housing) এছাড়াও একটি 4 মিলিয়ন ডলারের অধিগ্রহণ ঋণ প্রদান করেছে যাতে প্রাক-উন্নয়নের জন্য তহবিল অন্তর্ভুক্ত ছিল।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal) কমিশনার রুথান ভিসনাউসকাস বলেছেন, "গত দশকে, HCR মানসম্পন্ন সাশ্রয়ী মূল্যের আবাসন তৈরি এবং সংরক্ষণ করতে, গৃহহীনতার বিরুদ্ধে লড়াই করতে এবং ব্রঙ্কস জুড়ে অর্থনৈতিক উন্নয়ন সম্প্রসারণের জন্য 1.5 বিলিয়ন ডলারেরও বেশি বিনিয়োগ করেছে৷ স্বাধীনতা এবং স্থিতিশীলতা অর্জনের জন্য সহায়ক পরিষেবার প্রয়োজন সহ প্রাপ্তবয়স্কদের জন্য সংরক্ষিত 49টি অ্যাপার্টমেন্ট সহ 94টি নতুন ট্রানজিট-ভিত্তিক এবং শক্তি-দক্ষ গৃহের সাথে দ্য প্লেইন্স আমাদের সৃষ্ট গতিবেগের উপর ভিত্তি করে গড়ে তুলছে৷ দ্য ডো ফান্ড এবং রবার্ট সানবর্ন ডেভেলপমেন্টে আমাদের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার মাধ্যমে, আমরা পুরো ওয়েকফিল্ড সম্প্রদায়কে এই নতুন উন্নয়ন প্রদান করে উপকৃত হতে সাহায্য করতে পারি।"

অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্ট্যান্স কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিটজ বলেছেন, "আবাসন অস্থিতিশীলতা, একটি দীর্ঘস্থায়ী রোগের সাথে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের জন্য, বিশেষ করে যাদের HIV আছে তাদের জন্য, একটি প্রধান এবং প্রায়শই প্রাণঘাতী পরিণতির ঝুঁকি তৈরি করে। দ্য প্লেইন্স স্থিতিশীল আবাসন এবং সহায়ক পরিষেবা উভয়ই প্রদান করবে নিশ্চিত করার জন্য যে বাসিন্দাদের সুস্থ থাকতে এবং তাদের সম্প্রদায়ে স্বাধীনভাবে বসবাস করার জন্য যা প্রয়োজন, তা যেন থাকে। এই প্রকল্পটি, গৃহহীন আবাসন এবং সহায়তার কর্মসূচির দ্বারা সমর্থিত অন্য অনেকের মতো, আমাদের মধ্যে সবচেয়ে দুর্বল যারা তাদের সহ, সকল নিউ ইয়র্কবাসীদের নিজের বাড়ি হিসেবে মানার জন্য একটি নিরাপদ, স্থিতিশীল জায়গা রয়েছে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলের দৃঢ় অঙ্গীকারবদ্ধতার প্রতিনিধিত্ব করে।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট এবং CEO ডোরিন এম হ্যারিস বলেছেন, "সম্পূর্ণ হয়ে গেলে, দ্য প্লেইনস অ্যাপার্টমেন্টস, উত্তর ব্রঙ্কসের নিম্ন আয়ের এবং বয়স্ক বাসিন্দাদের জন্য অনেকগুলি সহায়তার পরিষেবা এবং অন-সাইট পরিষ্কার সৌর শক্তি সহ উচ্চ শক্তি দক্ষ সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ করবে৷ এই প্রকল্পটি দুই মিলিয়ন জলবায়ু বান্ধব গৃহের লক্ষ্য অর্জনের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সমর্থন করে এবং সেই সাথে স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যকর সাশ্রয়ী মূল্যের আবাসনের অ্যাক্সেস আছে এবং একটি পরিষ্কার শক্তির অর্থনীতিতে রূপান্তরের ক্ষেত্রে ন্যায়সঙ্গতভাবে উপকৃত হয় তা নিশ্চিত করে।"

প্রতিনিধি জামাল বোমান বলেন, "আমি এই যা সহায়তার পরিষেবাসমূহের সাথে সম্পূর্ণ 94টি ইউনিট সহ আবাসন উন্নয়নের মাধ্যমে মানুষের মঙ্গলকে অগ্রাধিকার দেওয়ার জন্য দ্য ডো ফান্ডের প্রশংসা করি যা কেয়ার-সেন্টার বিনিয়োগগুলিকে প্রতিফলিত করে যা আমাদের আরও বেশি করতে হবে৷ নিউ ইয়র্কের একটি বিপর্যস্তকারী আবাসনের সংকট রয়েছে এবং ব্রঙ্কস সেই সংকটের কেন্দ্রস্থল। ব্রঙ্কসে, এই মহামারী শুরু হওয়ার পর থেকে আমরা ভাড়া দ্রুতভাবে বাড়তে এবং রেকর্ড সংখ্যক উচ্ছেদ দেখতে পাচ্ছি। এটি বিশ্বের সব চেয়ে ধনী দেশে গৃহহীনতার অবসান ঘটানোকে নাগালের বাইরে রাখে এবং এটি একটি নীতিগত ব্যর্থতা। আমি এই উদ্যোগকে সমর্থন করতে পেরে গর্বিত এবং ফেডারেল বিনিয়োগের মাধ্যমে আরও ন্যায়সঙ্গত,

সাশ্রয়ী মূল্যের এবং অ্যাক্সেসযোগ্য আবাসনের জন্য চাপ দেওয়া অব্যাহত রাখব যেমন আমার বিল দ্য অ্যাফোর্ডেবল CO-OP অ্যাক্টের (The Affordable CO-OP Act) মাধ্যমে যা আমি সম্প্রতি প্রবর্তন করেছি।"

স্টেট সিনেটর জামাল টি. বেইলি বলেছেন, "নিরাপদ, মানসম্পন্ন, সাশ্রয়ী মূল্যের আবাসন একটি অপরিহার্য মানবাধিকার। এই প্রকল্পটি উচ্চ-মানের সাশ্রয়ী মূল্যের আবাসন এবং মহামারী এবং তার বাইরের তাৎক্ষণিক চ্যালেঞ্জগুলির মোকাবিলা করার জন্য প্রয়োজনীয় সহায়ক সংস্থানগুলি প্রদান করে বাসিন্দাদের সহায়তা করবে। আমাদের রাজ্য একটি অভূতপূর্ব গৃহহীনতা এবং আবাসন সংকটের সম্মুখীন, এবং সাশ্রয়ী মূল্যের আবাসন হল সব চেয়ে গুরুত্বপূর্ণ হাতিয়ারগুলির মধ্যে একটি যা আমাদের কাছে আছে দুর্বল নিউ ইয়র্কবাসীদের তাদের নিজের পায়ে উঠে দাঁড়াতে এবং দীর্ঘমেয়াদী স্থিতিশীলতা অর্জন করতে সহায়তা করার জন্য। আমি আমার জেলায় এই গুরুত্বপূর্ণ প্রকল্পটির নির্মাণের শুরু উদযাপন করতে পেরে রোমাঞ্চিত এবং এর সমাপ্তি দেখার অপেক্ষায় আছি।"

অ্যাসেম্বলি সদস্য জেফরি ডিনোউইইটজ বলেছেন, "এতে কোন প্রশ্নই নেই যে আমাদের শহরে সত্যিকারের সাশ্রয়ী মূল্যের আবাসনের মরিয়া প্রয়োজন আছে, বিশেষ করে বয়স্ক প্রাপ্তবয়স্কদের জন্য এবং যাদের আবাসন স্থিতিশীলতা বজায় রাখতে সাহায্য করার জন্য অতিরিক্ত সহায়তা কাঠামোর প্রয়োজন। আমি আনন্দিত যে হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes And Community Renewal, HCR) ব্রঙ্কসে সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের জন্য প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে এবং আমি এই প্রকল্পের সমাপ্তির জন্য উন্মুখ।"

ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট ভেনেসা এল গিবসন বলেছেন, "এটি একটি দুঃখজনক বাস্তবতা যে আমরা নিউ ইয়র্ক সিটিতে একটি আবাসন সংকটের মধ্যে রয়েছি, যা কোভিড-19 মহামারীর কারণে আরো বেড়েছে। সাশ্রয়ী মূল্যের, মানসম্পন্ন, নিরাপদ এবং সহায়ক আবাসনের প্রয়োজন সর্বকালের সর্বোচ্চ স্তরে রয়েছে এবং গৃহহীনতা কমানোর জন্য আমাদের লড়াইয়ের অপরিহার্য অংশ। আমি নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Homes & Community Renewal) এবং নিউ ইয়র্ক স্টেট অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিসেবিলিটি অ্যাসিসটেন্সকে (New York State Office of Temporary and Disability Assistance) ধন্যবাদ জানাতে চাই এই গুরুত্বপূর্ণ প্রকল্পে তাদের সহায়তার জন্য যা আমাদের HIV/AIDS আক্রান্ত আমাদের বাসিন্দাদের, আমাদের বয়স্ক প্রাপ্তবয়স্কদের এবং উত্তর ব্রঙ্কসের অন্যান্য দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য সুযোগ-সুবিধা এবং সর্বব্যাপী পরিষেবা প্রদান করবে।"

সিটি কাউন্সিলের সদস্য এরিক ডিনোভিটজ বলেছেন, "নিম্ন আয়ের, পূর্বে গৃহহীন মানুষ এবং বয়স্ক প্রাপ্তবয়স্ক সহ দুর্বল জনসংখ্যার জন্য সাশ্রয়ী মূল্যের আবাসন সহায়ক সিস্টেমের সাথে আসা দরকার। দ্য প্লেইনস ঠিক এটাই করছে, এবং তারা যে সর্বব্যাপী পরিষেবাগুলি প্রদান করবে তা নিশ্চিত করে যে নতুন ভাড়াটেদের কেবল তাদের মাথার উপর একটি ছাদ থাকবে তাই নয়, তাদের সমস্ত চাহিদাও পূরণ হবে। আবাসন সংকট সমগ্র শহরের নিউ ইয়র্কবাসীদের প্রভাবিত করছে, এই কারণেই আমি কৃতজ্ঞ এবং উৎসাহিত যে এই উন্নয়নটি ওয়েকফিল্ডে আমার ভোটদাতাদের পরিষেবা দেবে।"

ডো ফান্ডের হাউজিং-এর নির্বাহী ভাইস প্রেসিডেন্ট জন ম্যাকডোনাল্ড বলেছেন, "নিউ ইয়র্ক একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরিস্থিতির সম্মুখীন। আমাদের শহরের পুনরুদ্ধার দুটি জিনিসের কারণে আটকে আছে। প্রথমটি হল জননিরাপত্তার অভাব এবং নোংরা রাস্তাঘাট, উভয়ই ক্রমবর্ধমান গৃহহীনতার লক্ষণ, যা দ্য ডো ফান্ডের রেডি, উইলিং অ্যান্ড অ্যাবল প্রোগ্রাম সমাধান করতে পারে বলে প্রমাণিত এবং তার জন্য প্রস্তুত। দ্বিতীয়টি হল শহরের সাশ্রয়ী মূল্যের এবং সহায়ক আবাসনের অভাব। আমি গর্বিত যে দ্য ডো ফান্ডের রূপান্তর্মুলক, সাশ্রয়ী, এবং সহায়ক আবাসন পোর্টফোলিও এক মিলিয়ন বর্গফুটেরও বেশি বৃদ্ধির তত্ত্বাবধান করতে পেরেছি। সম্পূর্ণ হলে, দ্য প্লেইন্স এই অপরিহার্য পরিচর্যার ধারাবাহিকতার সাথে যোগদান করবে, আমাদের 90 জন সতীর্থ নিউ ইয়র্কবাসীদের জন্য উচ্চ মানের বাড়ি প্রদান করে যাদের প্রয়োজন সব চেয়ে বেশি এবং সেই সাথে তাদের পরিবারগুলিকেও।"

রবার্ট সানবর্ন ডেভেলপমেন্টের (Robert Sanborn Development) রবার্ট সানবর্ন বলেন, "রবার্ট সানবর্ন ডেভেলপমেন্ট দ্য প্লেইন্সের উন্নয়নে অংশীদার হতে পেরে উচ্ছাসিত, যা দ্য ডো ফান্ডের সাথে আমাদের দ্বিতীয় সহযোগিতা,উলক কাজ৷ সমন্বিত পরিষেবা সহ চিন্তাশীলভাবে ডিজাইন করা, অত্যাধুনিক বাড়ি তৈরির জন্য দ্য প্লেইন্স আমাদের অব্যাহত অঙ্গীকারবদ্ধতার প্রতিনিধিত্ব করে; উপলব্ধ পরিষেবা সহ একটি আরামদায়ক পরিবেশ যা সমস্ত বাসিন্দাদের জীবনকে উন্নত করবে৷ আমরা এই সর্বশেষ সহায়ক আবাসন প্রচেষ্টার জন্য ডো ফান্ডকে অভিনন্দন জানাই।"

মার্চেন্টস ক্যাপিটালের (Merchants Capital) অরিজিনেশনের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মাইকেল মিলাজো বলেছেন, "ডো ফান্ড 30 বছরেরও বেশি সময় ধরে নিউ ইয়র্ক সিটিতে সহায়ক আবাসনের একটি স্তম্ভ হয়ে থেকেছে, এবং ব্রঙ্কসে সাম্প্রতিক দ্য প্লেইনস লেনদেনের অংশ হতে পেরে আমরা সম্মানিত৷ দেশের শীর্ষ সাশ্রয়ী মূল্যের আবাসন অর্থায়নকারীদের একজন হিসাবে, মার্চেন্টসে আমরা সর্বদা মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে জনসংখ্যার আবাসন চাহিদা পূরণের নতুন উপায় খুঁজছি, দ্য ডো ফান্ডের সাথে কাজ করে, আমরা প্রায় 100 জন নিউ ইয়র্কের সব চেয়ে ঝুঁকিপূর্ণ বাসিন্দাদের জন্য নিরাপদ, নতুন এবং সহায়ক আবাসন তৈরি করছি। দ্য প্লেইন্স অভাবী ব্যক্তিদের জন্য আশার আলো এবং প্রয়োজনীয় পরিষেবা প্রদান করবে। আমরা এই অংশীদারিত্বের জন্য কৃতজ্ঞ এবং নিউ ইয়র্ক জুড়ে এক সাথে আমাদের আবাসন প্রচেষ্টাকে শক্তিশালী করে তুলতে আগ্রহী"।

###